

যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ কর্তৃক ফ্লোরিডা স্টেট আওয়ামীলীগের কমিটি ঘোষণা:



মোহাম্মদ এমরান.
সভাপতি.



আকরাম হোসেন
সাধারণ সম্পাদক

ফ্লোরিডা স্টেট আওয়ামীলীগ এর সম্মেলন গত জুলাই”২০২২ এ স্থানীয় ম্যারিয়ট হোটেল এ অনুষ্ঠিত হয়। এতে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন পাঁচ জন যথাক্রমে জনাব মো: এমরান, টিটন মালিক, শাহীন মাহমুদ, নান্নু আহমেদ, লায়লা হারুন এবং সাধারণ সম্পাদক পদে মো: আকরাম হোসেন, মুজিব উদ্দিন, সনজয় কুমার সাহা, আওয়ালে দয়ান এবং রানা খান ।

যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ নেতৃবৃন্দ সার্বিক দিক বিবেচনা করে সকলের সম্মুখে
চুলচেরা বিশ্লেষণের মাধ্যমে একটি কমিটি ঘোষণা করে। এতে সভাপতি
পদে জনাব মোহাম্মদ এমরান ও সাধারণ সম্পাদক পদে জনাব মোহাম্মদ আকরাম
হোসেনকে সর্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয়।

যেহেতু যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সহ সভাপতি জনাব মোল্লা ফজলুর রহমান কথিত
রাজাকার পুত্রকে সাধারণ সম্পাদক করার জন্য গু ধরে থাকে তাই আমরা যুক্তরাষ্ট্র
আওয়ামীলীগ নেতৃবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার নির্দেশনা
মোতাবেক পদ পদবী দেওয়ার আগে অনুসন্ধান করতে গিয়ে দীর্ঘ সময় অতিবাহিত করি।
যার জন্য কমিটি ঘোষণা কিছুটা বিলম্বিত হয়। তদন্তে প্রমাণিত হয় যে, মোল্লা ফজলুর
রহমান মনোনীত সাধারণ সম্পাদক পদপ্রার্থী একজন আওয়ামী বিরোধী পরিবারের সন্তান
এবং পরিবারের অন্যান্য সকল সদস্য জামাত বিএনপির রাজনীতি ও অর্থ যোগানের সাথে
সম্পৃক্ত আছে যাহা ইতিমধ্যে বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত ও প্রচারিত হয়েছে। বীর
মুক্তিযোদ্ধা বিশিষ্ট লেখক ও মুক্তিযুদ্ধের কমান্ডার জনাব সিরু বাংগালী ২০১৮ সালে
তদন্তপূর্বক উক্ত সাধারণ সম্পাদক পদপ্রার্থীর পিতা রাজাকার ছিলেন বলে প্রত্যয়ণ পত্র
দিয়েছেন।

২০২২ সালের জুন মাসের ১৯ তারিখে সম্মেলনের কাউন্সিলরদের মতামতের
ভিত্তিতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রত্যেক সভাপতি এবং সাধারণ সম্পাদক
পদপ্রার্থীদের রাজনৈতিক ব্যাকগ্রাউন্ড, শিক্ষাগত যোগ্যতা ও তৃণমূল নেতাকর্মীদের
সাথে সম্পৃক্ততা বিবেচনা করে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ কর্তৃক এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পদ দেওয়ার আগে পারিবারিক
পরিচয় নিশ্চিত হতে হবে। বাবা,
মা, ভাই, বোন কি ধরনের রাজনীতির
সঙ্গে জড়িত তা জানতে হবে।
পরিবারের কেউ বিএনপি-জামাত বা
মুক্তিযোদ্ধের চেতনা বিরোধী কোনো
সংগঠনের সঙ্গে জড়িত থাকলে, ঐ
কমী নেতৃত্বের জন্য বিবেচিত হবে না।



**এটা
আমার
নির্দেশ**